

া সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৯৫৭

৯/ বিবাহ (১১১। (১১১)

পরিচ্ছেদঃ ৯/৪২. যে ব্যক্তি নিজের দাসীকে আযাদ করার পর বিবাহ করে।

بَابِ الرَّجُلِ يُعْتِقُ أَمَتَهُ ثُمَّ يَتَزَقَّجُهَا

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدَةَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ حَدَّثَنَا ثَابِتٌ وَعَبْدُ الْعَزِيزِ عَنْ أَنَسٍ قَالَ صَارَتْ صَفِيَّةُ لِدِحْيَةَ الْكَلْبِيِّ ثُمَّ صَارَتْ لِرَسُولِ اللهِ صلى الله عليه وسلم بَعْدُ فَتَزَوَّجَهَا وَجَعَلَ عِتْقَهَا صَدَاقَهَا قَالَ حَمَّادٌ فَقَالَ عَبْدُ الْعَزِيزِ لِثَابِتٍ يَا أَبَا مُحَمَّدٍ أَنْتَ سَأَلْتَ أَنسًا مَا أَمْهَرَهَا قَالَ أَمْهَرَهَا نَفْسَهَا

বাংলা

২/১৯৫৭। আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, সাফিয়্যা (রাঃ) প্রথমে দিখ্যা আল-কালবী (রাঃ)-এর ভাগে পড়েছিলেন। পরে তিনি রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর অধীনে আসেন। অতঃপর রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তাকে বিবাহ করেন এবং তাকে দাসত্বমুক্ত করাকে তার মাহর গণ্য করেন। অধস্তন রাবী হাম্মাদ বলেন, আবদুল আযীয (রহ.) ছাবিত (রহ.)-কে বললেন, হে আবূ মুহাম্মাদ! আপনি কী আনাস (রাঃ)-কে জিজ্ঞেস করেছিলেন যে, রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম সাফিয়্যা (রাঃ)-কে কি মাহর দিয়েছিলেন? আনাস (রাঃ) বলেন, তার দাসত্ব মুক্তিই ছিল তার মাহর।

English

It was narrated that Anas said:

"Safiyyah was given to Dihyah Al-Kalbi (as his share of the war booty), then she was given to the Messenger of Allah after that. He married her, and made her ransom (i.e., freedom from slavery) her dowry." (Sahih)Hammad said: "Abdul-'Aziz said to Thabit: 'O Abu Muhammad! Did you ask Anas what her bridal-money was?' He said: 'Her bridal-money was her freedom.'"

ফুটনোট



সহীহুল বুখারী ৩৭১, ৯৪৭, ২২২৮, ২২৩৫, ২৮৯৩, ৪২০০, ৪২০১, ৪২১১, ৪২১২, ৪২১৩, ৫০৮৫, ৫০৮৬, ৫১৫৯, ৫১৬৯, ৬৩৬৩,৫৩৮৭ মুসলিম ১৩৬৫, তিরমিয় ১১১৫, নাসায়ী ৩৩৪২, ৩৩৪৩, ৩৩৮০, ৩৩৮১, ৩৩৮২, আবু দাউদ ২০৫৪, ২৯৯৫, ২৯৯৬, ২৯৯৮, আহমাদ ১১৫৪১, ১১৫৮১, ১২২০৫, ১২২৭৬, ১২৩৩২, ১২৪৫৫, ১২৬৮৬, ১৩০৯৪, ১৩১৩৩, ১৩১৬৩, ১৩৫৭০, ১৩৬৮৯, দারেমী ২০৪২, ২২৪৩, ইরওয়াহ্ ১৮২৫, সহীহ, আবী দাউদ ১৭৯৩

তাহকীক আলবানীঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন